



মন্ত্রিসভায় রদবদল, এলজিআরডিতে সালাহউদ্দিন, স্বরাষ্ট্রে এ্যানি



সালাহউদ্দিন আহমেদ (বামে) এবং শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি (ডানে)। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম চূড়ান্ত হওয়ার পর সরকারের কয়েকটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্বে পরিবর্তন আনা হয়েছে।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে সরকারের উচ্চপর্যায়ের বৈঠকের পর মন্ত্রণালয়গুলোর দায়িত্ব পুনর্বিন্যাসের সিদ্ধান্ত নেওয়া হয় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

নতুন বিন্যাস অনুযায়ী, মির্জা ফখরুলের দায়িত্বে থাকা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। অন্যদিকে পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানিকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে।

রাষ্ট্রপতি পদে বিএনপির মনোনয়ন পাওয়ার পর মির্জা ফখরুল দলীয় মহাসচিবের পাশাপাশি তার প্রশাসনিক দায়িত্ব থেকেও সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেন। এর পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের কার্যক্রমে যাতে কোনো ধরনের শূন্যতা তৈরি না হয়, সে জন্য দ্রুত নতুন দায়িত্ব বন্টন করা হয়েছে বলে জানা গেছে।

সরকারের সংশ্লিষ্টরা বলছেন, মন্ত্রণালয়গুলোর স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখা এবং প্রশাসনিক কাজে ধারাবাহিকতা নিশ্চিত করতেই এই পরিবর্তন আনা হয়েছে।